

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম মোর্শেদ সরণি  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।


স্মারক নং : ৪৩.২৫.০০০০.০০১.০৬.০০২.১৪.

তারিখ : ১৬/৬/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির চতুর্থ ত্রৈমাসিক সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির চতুর্থ ত্রৈমাসিক (২০২১-২০২২) সভা আগামী ১৯ জুন ২০২২ তারিখ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে তাঁরই অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

২। বর্ণিত তারিখ ও সময়ে কমিটির সম্মানিত সকল সদস্যকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ আলী আকবর)

সহকারী পরিচালক

এবং

সদস্য-সচিব,

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটি

বিতরণ :

১. পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
২. প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৩. চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৪. উপপরিচালক (আরকাইভস), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১. মহাপরিচালকের একান্ত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির চতুর্থ ত্রৈমাসিক (২০২১-২০২২) সভার কার্যবিবরণী।

সভাপতি	ফরিদ আহমদ ভূঁইয়া মহাপরিচালক
সভার তারিখ	১৯ জুন ২০২২ খ্রিষ্টাব্দ
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ।
উপস্থিতি	১. জনাব এস, এম আরশাদ ইমাম, পরিচালক (যুগ্মসচিব), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর। ২. জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর। ৩. জনাব মোঃ জামাল উদ্দিন, উপপরিচালক/চীফ বিবলিওগ্রাফার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর। ৪. জনাব তাহমিনা আক্তার, উপপরিচালক (আরকাইভস), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর এবং ৫. জনাব মোঃ আলী আকবর, সহকারী পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।

### আলোচনা

কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সকল কর্মকর্তা ও কর্মচারীকে সর্বাঙ্গিক প্রচেষ্টা চালাতে হবে। তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে যেসকল কর্মকাণ্ড রয়েছে তা সফলভাবে বাস্তবায়নের নির্দেশনা দেন। শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধিত) নীতিমালা, ২০২১ অনুযায়ী এ অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য গঠিত কমিটি নিম্নবর্ণিত চারজন কর্মচারীকে ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করেন। সুপারিশে গ্রেড ১০ থেকে ১৬ পর্যন্ত কর্মচারীদের মধ্যে থেকে জনাব মোঃ আবু বকর সিদ্দীক, সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) এবং জনাব মোঃ তানভীর আহমেদ, ল্যাবরেটরি সহকারীর নাম প্রস্তাব করা হয়। গ্রেড ১৭-২০ ভুক্ত কর্মচারীগণের মধ্যে থেকে জনাব মোঃ রেজাউল করিম, নিরাপত্তা প্রহরী এবং জনাব মোঃ নজরুল ইসলাম, পরিচ্ছন্নতা কর্মীর নাম প্রস্তাব করা হয়। সভায় সর্বসম্মতিক্রমে উক্ত প্রস্তাব গৃহীত হয়।

নির্বাচিত কর্মচারীগণ পুরস্কার হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ফরম্যাটে একটি সার্টিফিকেট, একটি ফ্রেস্ট এবং একমাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্ত হবেন।

আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন যে, ২০২১-২২ অর্থবছরে শুদ্ধাচারের সমস্ত প্রমাণকসহ রিপোর্ট যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।


আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

১. ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য নির্বাচিত কর্মচারী নাম ও পদবি-

ক্র.নং	গ্রেড	নাম	পদবি
০১	গ্রেড ১০-১৬	মোঃ আবু বকর সিদ্দীক	সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস)
০২	গ্রেড ১০-১৬	মোঃ তানভীর আহমেদ	ল্যাবরেটরি সহকারী
০৩	গ্রেড ১৭-২০	মোঃ রেজাউল করিম	নিরাপত্তা প্রহরী
০৪	গ্রেড ১৭-২০	মোঃ নজরুল ইসলাম	পরিচ্ছন্নতা কর্মী

২. ২০২১-২২ অর্থবছরে শুদ্ধাচারের সমস্ত প্রমাণকসহ রিপোর্ট যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ফরিদ আহমদ ডুইয়া  
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.২৭

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৯

২৬ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ২) প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৩) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক, চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) উপপরিচালক (আরকাইভস) , উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) সার্টমুদ্রাঙ্করিক কাম কম্পিউটার অপারেটর (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর



মোঃ আলী আকবর  
সহকারী পরিচালক